

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ
সেকশন-১৪, মিরপুর, ঢাকা।

প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ এর অকেজো ঘোষিত ছকে বর্ণিত ০২ (দুই) টি যানবাহন নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে প্রকাশ্যে নিলামের মাধ্যমে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। আগামী ১৮/০২/২০২৪ খ্রি. ১১.০০ ঘটিকায় পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ-এ প্রকাশ্য নিলামে অংশগ্রহণের জন্য বাংলাদেশের স্থায়ী/প্রকৃত নাগরিক ও সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন আগ্রহী প্রকৃত ঠিকাদার/ব্যবসায়ী/প্রতিষ্ঠান ও ব্যক্তিগণকে অনুরোধ জানানো হলো।

ক্রমিক নং	যানবাহনের রেজিস্ট্রেশন নম্বর	যানবাহনের ধরণ	প্রস্তুতকাল (মডেল)	বিস্তারটিএ কর্তৃক ধার্যকৃত মূল্য	যানবাহনসমূহের অবস্থান
১.	ঢাকা মেট্রো হ-১৪-৩২৪৮	মোটরসাইকেল	২০০৪	৩,৫০০/-	পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ
২.	ঢাকা মেট্রো হ-১৪-৩৩৩৬	মোটরসাইকেল	২০০৪	৩,৫০০/-	পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ

শর্তাবলী

- প্রকাশ্যে নিলামে অংশগ্রহণেচ্ছক ঠিকাদার/ব্যবসায়ী/প্রতিষ্ঠান ও ব্যক্তিগণকে নির্দিষ্ট তারিখ ও সময়ে অত্র প্রতিষ্ঠানে নিলাম কমিটির নিকট নগদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা জমা দিয়ে নিলাম ডাককারী হিসেবে তালিকাভুক্ত হতে হবে।
- সর্বোচ্চ নিলাম ডাককারীর জমাকৃত ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা জামানত হিসেবে জমা থাকবে এবং অকৃতকার্য নিলাম ডাককারীর জামানতকৃত টাকা একই দিনে ফেরত দেয়া হবে।
- কৃতকার্য নিলাম ডাককারীকে ডাককৃত মোট টাকা সঙ্গে সঙ্গে পরিশোধ করতে হবে। সমুদয় টাকা নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধে ব্যর্থ হলে নিলাম ডাক বাতিল বলে গণ্য হবে এবং ডাককারীর জামানতকৃত টাকা বাজেয়াপ্ত করা হবে।
- নিলামে অংশ গ্রহণের পূর্বে মোটরযান ০২ (দুই) টি সরেজমিনে দেখে নিতে হবে।
- কৃতকার্য ডাককারীকে প্রচলিত সরকারী নিয়ম মোতাবেক উদ্ধৃত ডাকের ১০% হারে আয়কর এবং ৭.৫% হারে ভ্যাট ডাক মূল্যের অতিরিক্ত হিসেবে পরিশোধ করতে হবে।
- সফল ডাককারী ডাক গ্রহণের দিন থেকে মোটরযানসমূহের হেফাজতের পূর্ণ দায়িত্ব গ্রহণ করবেন। ডাক গ্রহণের পর থেকে মোটরযানসমূহ নষ্ট বা খোয়া গেলে সেজন্য কর্তৃপক্ষ দায়ি থাকবে না।
- কৃতকার্য নিলাম ডাককারী ডাক গ্রহণের তারিখ হতে ০৩ (তিন) দিনের মধ্যে মোটরযানসমূহ অপসারণ করবেন।
- যদি কোন ঠিকাদার/ব্যবসায়ী/প্রতিষ্ঠান ও ব্যক্তিগণ প্রকাশ্য নিলাম ডাক চলাকালীন সময়ে নিলাম ডাকে কোন প্রকার বিঘ্ন সৃষ্টি করেন, তবে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে অনুরূপ ঠিকাদার/ব্যবসায়ী/প্রতিষ্ঠান ও ব্যক্তিগণের জমাকৃত জামানত বাজেয়াপ্ত করা হবে।
- সর্বোচ্চ বা যে কোন ডাক গ্রহণ করা বা না করা নিলাম কমিটির এখতিয়ারভুক্ত। এ জন্যে নিলাম কমিটি কাউকে কোন প্রকার ব্যাখ্যা দিতে বাধ্য নহে। এ ব্যাপারে কোন প্রকার আপত্তি বিবেচিত হবে না।

 ০২.২.২৪

(মোঃ ছিবগাত উল্লাহ, পিপিএম)

বিপি নং-৬৭৯৫০১০০৩৬

পরিচালক (প্রশাসন ও অর্থ)

পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ

ও

সভাপতি, অকেজো ঘোষিত যানবাহন নিলাম কমিটি।

স্মারক নং-৪৪.০১.০৪০০.০১২.৩৮.০৩.২০২২/৪০১/১(৭)

তারিখ: ০৫/০২/২০২৪ খ্রি.।

অনুলিপি:

জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ), পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ।
- সিস্টেম এনালিস্ট, পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ।  ওয়েব সাইটে প্রকাশের জন্য।
- সহকারী পরিচালক (লজিস্টিকস এ্যান্ড প্রকিউরমেন্ট), পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ।
- সহকারী পরিচালক (এ্যাডভান্স এ্যাডপার্টনারশীপ কোর্স), পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ।
- সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ার), সরকারী যানবাহন মেরামত ও কনভেনশন শাখা, সেগুনবাগিচা, ঢাকা।

- সম্পাদক, **বাংলাদেশ প্রতিদিন**
- সম্পাদক, **Daily Observer**

উক্ত বিজ্ঞপ্তি আপনার পত্রিকায় ০২ কলাম x ৪ ইঞ্চি আকারে আগামী ০৬/০২/২০২৪ খ্রি. তারিখের মধ্যে ০১ (এক) দিন সকল কপিতে প্রকাশ করতঃ ডকুমেন্ট হিসেবে সৌজন্য কপি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল।